অবৈধভাবে ভারত যাওয়ার চেষ্টা, মুজিবনগর সীমান্তে আটক ২

বিনা পাসপোর্টে ভারত যাওয়ার চেষ্টা করতে যেয়ে মেহেরপুরের মুজিবনগরে দুইজন আটক হয়েছে। বিজিবি’র ৬ডি কোম্পানি মুজিবনগর বিওপি তাদের আটক করে। আটককৃতদের মুজিবনগর থানায় মামলা দায়েরপূর্বক আদালতে সোপর্দ করা হয়েছে।

গতকাল বুধবার ২০ ডিসেম্বর রাতে বিজিবি একটি টহল দল মুজিবনগর সীমান্ত এলাকা থেকে তাদের আটক করে। প্রাথমিক জিজ্ঞাসাবাদ শেষে রবিবার ২১ ডিসেম্বর মুজিবনগর থানায় মামলা দায়ের পূর্বক তাদের আদালতে সোপর্দ করা হয়েছে।

জানা গেছে, মুজিবনগর এর মাঝপাড়া গ্রামের সোনাপুর বাজারের মৃত আয়ুব আলীর ছেলে এনামুল হক ও মৃত মোজাম ভিকটিম উম্মে কুলসুমের
(৩৩) অসহায়ত্বের সুযোগ নিয়ে প্রতারণার উদ্দেশ্যে মিথ্যা প্রলোভনে অবৈধ ভাবে ভারতে পাচার করার উদ্দেশ্যে নিজেদের হেফাজতে আটকে রাখে। উম্মে কুলসুম কক্সবাজারের টেকনাফ উপজেলার কেরুনতলী গ্রামের সালামত উল্লাহর মেয়ে।

বিজিবি টহল দল সোনাপুর বাজারে জনৈক কামাল উদ্দিনের বাড়ীর সামনে পৌঁছালে একজন পুরুষ ও একজন মহিলা কৌশলে সেখান থেকে পালিয়ে যাওয়ার চেষ্টা করে। ঘটনাস্থলে স্থানীয় সাক্ষীসহ আরো লোকজনের উপস্থিতিতে বিজিবি সদস্যরা তাদেরকে আটক করে জিজ্ঞাসাবাদ করে। জিজ্ঞাসাবাদের এক পর্যায়ে তাহারা উপরোক্ত নাম-ঠিকানা প্রকাশ করে। এবং জানা যায় উম্মে কুলসুম (৩৩) মোবাইল ফোনের মাধ্যমে মোঃ এনামুল আলীর সাথে যোগাযোগ করে টেকনাফ থকে বাস যোগে মুজিবনগর আসে। জিজ্ঞাসা কাদের সময় উম্মে কুলসুম জানান তিনি এনামুলের সাথে ভারতে যাবেন বলে এখানে এসেছেন।

মুজিবনগর থানা পুলিশ ঘটনার সত্যতা নিশ্চিত করেছে।

কুড়ালগাছির চণ্ডিপুরে অবৈধভাবে সার বিক্রির অভিযোগ

দামুড়হুদা উপজেলার চন্ডিপুর বাজারে উজ্জ্বল ট্রেডাসের মালিক উজ্জ্বলের বিরুদ্ধে সার বিক্রির বৈধ লাইসেন্স ছাড়াই রাসায়নিক সার বিক্রির অভিযোগ উঠেছে। কোনো প্রকারের লাইসেন্স ছাড়াই এসব রাসায়নিক সার বিক্রি করলেও অজানা কারণে প্রশাসন ও কৃষি বিভাগ রয়েছে নীরব ভূমিকায়।

কৃষকদের অভিযোগে জানা গেছে, দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়নের চন্ডিপুর বাজারে রাসায়নিক সার বিক্রির বৈধ কোনো অনুমতি না থাকা সত্ত্বেও উজ্জ্বল ট্রেডাসের মালিক উজ্জ্বল হোসেন দীর্ঘ দিন যাবত সার বিক্রি করে আসছেন। লাইসেন্স ছাড়া সার বিক্রিসহ তার বিরুদ্ধে রাসায়নিক সার সরকার নির্ধারিত মূল্যর চাইতে বেশী মূল্যে বিক্রির অভিযোগও রয়েছে । এছাড়াও তিনি কোন কৃষককে সার বিক্রির মেমোও দিতে চান না। আর যদি কোন কৃষককে মেমো দিলেও সারের পরিমান ও দাম উল্লেখ করেন না।

এ বিষয়ে উজ্জ্বল ট্রেডাসের মালিক উজ্জ্বল হোসেন বলেন, সার বিক্রির আমার কোনো বৈধ লাইসেন্স নেই। শুধু আমারই না অনেকেই বৈধ লাইসেন্স নেই। তবে লাইসেন্সের জন্য আবেদন করেছি।

দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা মনিরুজ্জামান বলেন, ‘আমরা বিষয়টি দেখবো।’

দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা সানজিদা বেগম বলেন, লাইসেন্স ছাড়া কেউ সার বিক্রি করতে পারে না। যদি কেউ লাইসেন্স ছাড়া সার বিক্রি করে থাকেন তা আইন বহির্ভূত। অবৈধভাবে সার বিক্রির বিষয়টি আমরা নিয়ন্ত্রণের চেষ্টা করছি। তবে কৃত্রিম সংকট দেখিয়ে বেশি দামে সার বিক্রি করলে কাউকেই ছাড় দেয়া হবে না